



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা
www.mopa.gov.bd



নম্বর ০৫.০০.০০০০.২০০.২৫.০০১.১৭.২৪২

তারিখ: ১০ ভাদ্র ১৪২৮
২৫ আগস্ট ২০২১

বিজ্ঞপ্তি

বিষয়: 'ন্যাশনাল ডিফেন্স কোর্স (এনডিসি), ২০২২'- এ অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণের নিকট থেকে আবেদনপত্র আহ্বান।

ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর, ঢাকায় আগামী ১৬ জানুয়ারি, ২০২২ তারিখ হতে ০৮ ডিসেম্বর ২০২২ তারিখ মেয়াদে অনুষ্ঠিত 'ন্যাশনাল ডিফেন্স কোর্স (এনডিসি), ২০২২' এ অংশগ্রহণে আগ্রহী জনপ্রশাসন মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিসিএস ক্যাডারভুক্ত সরকারের যুগ্মসচিব ও সমপদমর্যাদার কর্মকর্তাগণের (৩য় গ্রেড) নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে আবেদন আহ্বান করা হচ্ছে। সংযুক্ত ছক (সংযুক্ত ছক) মোতাবেক আবেদনের ০৩(তিন) কপি ০৩(তিন)টি রঙিন ছবিসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০৯/০৯/২০২১ তারিখে বিকাল ৫.০০ টার মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ-১ শাখায় (সফট কপি it1@mopa.gov.bd-ইমেইল ঠিকানায়) প্রেরণ করতে হবে।

শর্তাবলি:

- (ক) আবেদনকারী কর্মকর্তাগণের বয়স ০১/০১/২০২২ তারিখে অনূর্ধ্ব ৫৬ বছর হতে হবে;
- (খ) আবেদনপত্র ছকের নির্ধারিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/সুপারিশ অবশ্যই থাকতে হবে;
- (গ) কোর্সে অংশগ্রহণেচ্ছুক আবেদনকারী কর্মকর্তাগণের ইংরেজি ভাষায় দক্ষতা থাকতে হবে;
- (ঘ) সফলভাবে এনডিসি সমাপান্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে পদায়নে আগ্রহী কর্মকর্তাদের মনোনয়ন প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

সংযুক্ত ছক : ০১ (এক) পাতা।

২৫-৮-২০২১

মোঃ আবদুর রউফ মিয়া

উপসচিব

ফোন: ৯৫১৫৫২৫

ইমেইল: it1@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল), (অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে সর্বিনয় অনুরোধ করা হলো)

- ২) অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) যুগ্মসচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) সিনিয়র সিস্টেমস এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

জনপ্রশাসন মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিসিএস ক্যাডারভুক্ত সরকারের যুগ্মসচিব বা সমপদমর্যাদার (৩য় গ্রেডভুক্ত)
কর্মকর্তাগণের জন্য “ন্যাশনাল ডিফেন্স কোর্স (এনডিসি) ২০২২”-এ আবেদনের নির্ধারিত ছক

১.	কর্মকর্তার নাম (বাংলায়)		
	কর্মকর্তার নাম (ইংরেজিতে (বড় অক্ষরে)		
২.	পরিচিতি নম্বর (আইডি)	:	
৩.	বিসিএস ক্যাডার ও ব্যাচ:		
৪.	বেতন গ্রেড:		
৫.	পদবি ও কর্মস্থল	:	
৬.	জন্ম তারিখ	:	
৭.	০১/০১/২০২২ তারিখে বয়স	:	
৮.	মোবাইল ও টেলিফোন নম্বর	:	
৯.	ই-মেইল	:	
১০.	IELTS স্কোর (যদি থাকে)		

আবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

আবেদনকারী কর্মকর্তাকে উল্লিখিত কোর্সে
মনোনয়ন প্রদানের সুপারিশ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল